ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৪৩৯
অমরপুর, ৩ অক্টোবর, ২০২৪

**অমরপুর মহকুমা ভিত্তিক শচীন দেববর্মণ জন্মজয়ন্তী**

অমরপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং অমরপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে সুর সম্রাট শচীন দেববর্মণের জন্মজয়ন্তী গত ১ অক্টোবর যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। এছাড়া অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, ভাইস চেয়ারপার্সন বীণারাণী পাল, অমরপুর বিএসি চেয়ারম্যান রবিত্র জমাতিয়া ও পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কুমার শচীন দেববর্মণের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে শিল্পীদের দ্বারা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অমরপুর নগর পঞ্চায়েতের সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান বিশ্বনাথ চক্রবর্তী।

*******